* 0000800000001 *

Cambridge Assessment International Education

# Cambridge O Level

CANDIDATE NAME

CENTRE NUMBER

CANDIDATE NUMBER

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2025**

**1 hour 30 minutes**

You must answer on the question paper.

You will need: Insert (enclosed)

**INSTRUCTIONS**

- Answer **all** questions in **Bengali**.
- Use a black or dark blue pen.
- Write your name, centre number and candidate number in the boxes at the top of the page.
- Write your answer to each question in the space provided.
- Do **not** use an erasable pen or correction fluid.
- Do **not** write on any bar codes.
- Dictionaries are **not** allowed.

**INFORMATION**

- The total mark for this paper is 110.
- The number of marks for each question or part question is shown in brackets [ ].
- The insert contains the reading passages.

This document has **12** pages. Any blank pages are indicated.

NL 341869/3
© UCLES 2025

## Section A
## বিভাগ : ক

**Combination of Words**

সন্ধি

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধি করো।

**1** অতি + অধিক

.................................................................................................................................... [2]

**2** উৎ + হার

.................................................................................................................................... [2]

**3** গো + অক্ষ

.................................................................................................................................... [2]

**4** দুঃ + চিন্তা

.................................................................................................................................... [2]

**5** বি + অর্থ

.................................................................................................................................... [2]

DO NOT WRITE IN THIS MARGIN

## Idioms, Proverbs and Words in Pairs
বাগধারা, প্রবচন এবং জোড়া শব্দ

নিচের তালিকা থেকে উপযুক্ত বাগধারা / প্রবচন / জোড়া শব্দের কেবল **নম্বরটি** বেছে নিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ করো।

| | |
|---|---|
| **(1)** সকাল-সন্ধ্যা | **(6)** হেস্তনেস্ত |
| **(2)** সবুরে মেওয়া ফলে | **(7)** আলালের ঘরের দুলাল |
| **(3)** টাকার গরম | **(8)** শাঁখের করাত |
| **(4)** নুন আনতে পান্তা ফুরায় | **(9)** কতো ধানে কতো চাল |
| **(5)** গোবরগণেশ | **(10)** উত্তম-মধ্যম |

**6** নিম্নবিত্ত পরিবারে সবসময়ই ............... । [2]

**7** পাড়ার সকলে অবশেষে চোরটিকে ............... দিয়ে ছেড়ে দিলো। [2]

**8** লটারি জিতে মতি এখন ............... দেখাচ্ছে। [2]

**9** আগে সংসারের দায়িত্ব নাও, তারপরে বুঝতে পারবে ............... । [2]

**10** না জানে লেখাপড়া, না আছে বুদ্ধি, এমন ............... ছেলে আর দেখিনি। [2]



DO NOT WRITE IN THIS MARGIN

**Sentence Transformation**
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দ দিয়ে পূরণ করে সম্পূর্ণ বাক্যটি এমনভাবে লেখো যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

**11** জগতে সব মানুষ এক রকম নয়।

জগতে ............................................................................................................ ? [2]

**12** লোকটি শিক্ষিত কিন্তু ভদ্র নয়।

লোকটি ............................................................................................................ । [2]

**13** শিক্ষকের আদেশ আমি সর্বদা মান্য করি।

শিক্ষকের ............................................................................................................ না। [2]

**14** সমুদ্রে সূর্যাস্তের দৃশ্যটি ছিলো খুবই চমৎকার।

সমুদ্রে ............................................................................................................ ! [2]

**15** ভদ্রলোকটি আমাকে তাঁর পাশে বসতে বললেন।

ভদ্রলোকটি বললেন, " ............................................................................................................ ।" [2]



DO NOT WRITE IN THIS MARGIN

DO NOT WRITE IN THIS MARGIN

## Cloze Passage

শূন্যস্থান পূরণ

অনুচ্ছেদটির নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ করো।

বর্তমান প্রজন্মের কাছে এক বহুল প্রচলিত শব্দ ক্যালিগ্রাফি। ক্যালিগ্রাফি শব্দটির অর্থ হলো সুন্দর হাতের লেখা। বিভিন্ন ভাষার বর্ণের চমৎকার __________ **(16)** হলো ক্যালিগ্রাফি। ক্যালিগ্রাফির __________ **(17)** ও গ্রহণযোগ্যতা দিন দিন বাড়ছে। বাংলাদেশেও বর্তমানে ক্যালিগ্রাফি শিল্প-মর্যাদা লাভ করছে। তরুণ-তরুণীদের __________ **(18)** শিল্পকর্মের তালিকায় ক্যালিগ্রাফির অবস্থান সবার শীর্ষে। বাংলাদেশে বর্তমানে তরুণ প্রজন্মের অনেকেই __________ **(19)** আর্ট হিসেবে বেছে নিচ্ছে ক্যালিগ্রাফিকে। ক্যালিগ্রাফি করে তারা একদিকে যেমন এই শিল্পে __________ **(20)** রাখছে, অপরদিকে তারা ক্যালিগ্রাফি বিক্রি করে আর্থিকভাবেও লাভবান হচ্ছে। অনেকেই আঁকাআঁকি করার অভ্যেস থেকে অথবা __________ **(21)** কাটানোর জন্য আনন্দময় একটি কাজ হিসেবে ক্যালিগ্রাফিকে বেছে নিয়েছে। ক্যালিগ্রাফির জন্য বাঁশের কলম, কালি, ক্যানভাস, জলরঙ ইত্যাদির __________ **(22)** পড়ে। ক্যালিগ্রাফির হরফগুলোর লিখন পদ্ধতি শিখতে হলে প্রচুর __________ **(23)** করতে হয়। বাংলাদেশে বর্তমানে নবীন-প্রবীণ মিলে __________ **(24)** ক্যালিগ্রাফার রয়েছে। এদের রঙতুলির ছোঁয়ায় প্রতিটি ক্যালিগ্রাফি হয়ে ওঠে এক অত্যন্ত __________ **(25)** শিল্পকর্ম। তবে শখ থাকা সত্ত্বেও ক্যালিগ্রাফি করার জন্য প্রয়োজনীয় জিনিসপত্রের অভাবে অনেকেই ক্যালিগ্রাফি করতে পারে না।

| | | |
|---|---|---|
| **(1)** পছন্দের | **(6)** জনপ্রিয়তা | **(11)** পরিশ্রম |
| **(2)** নজরকাড়া | **(7)** লিখনশৈলী | **(12)** প্রয়োজন |
| **(3)** শখের | **(8)** অবদান | **(13)** সংরক্ষণ |
| **(4)** মর্যাদা | **(9)** জলরঙ | **(14)** অবসর |
| **(5)** অবস্থান | **(10)** অসংখ্য | **(15)** লাভবান |

[20]

## Section B
## বিভাগ : খ

### Multiple Choice Comprehension
বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।

**26** নিবন্ধটির প্রথম অনুচ্ছেদে 'রোবট অ্যামেকা' সম্বন্ধে কী বলা হয়েছে?

**A** ☐ এটি মানব জীবনকে নিয়ন্ত্রণ করার একটি স্বয়ংক্রিয় যন্ত্র।

**B** ☐ এটি কৃত্রিম বুদ্ধিমত্তা দ্বারা নিয়ন্ত্রিত মানুষের আদলে বানানো একটি স্বয়ংক্রিয় যন্ত্র।

**C** ☐ মহাকাশ থেকে শুরু করে বাড়ির আঙ্গিনায় এর আধিপত্য রয়েছে।

**D** ☐ আগামী দশকের শুরুতে মানুষের শতভাগ কাজ দখলে নেবে এই রোবট। [2]

**27** 'অ্যামেকার' শারীরিক কাঠামোর মধ্যে সবচেয়ে বেশি আকর্ষণীয় হলো ____________ ।

**A** ☐ তার মুখের প্রকাশভঙ্গি

**B** ☐ তার চারপাশে তীব্র চোখে তাকানো

**C** ☐ তার চুল আঁচড়ানো

**D** ☐ তার ক্যামেরা বসানো তীক্ষ্ণ চোখ [2]

**28** কোন কাজ করার সময় যন্ত্রমানব 'অ্যামেকা'কে সর্বাধিক উৎফুল্ল দেখায়?

**A** ☐ চোখের মধ্যে লাগানো ক্যামেরা দিয়ে ঘোরাঘুরি করার সময়।

**B** ☐ লোকজনকে চিহ্নিত করে তাদের অনুকরণে চলাফেরা করার সময়।

**C** ☐ অন্যান্য রোবটের মতো বিভিন্ন কাজে মুখের অভিব্যক্তি প্রকাশের সময়।

**D** ☐ মাথার ওপর হাত তুলে বিচিত্র আচরণে মানুষের গতিবিধি লক্ষ্য করার সময়। [2]



DO NOT WRITE IN THIS MARGIN

**29** ‘অ্যামেকার’ উদ্ভাবনে বিভিন্ন প্রতিষ্ঠানের ভূমিকা সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক?

**A** যুক্তরাষ্ট্রের একটি নামকরা রোবট প্রস্তুতকারক প্রতিষ্ঠানের অবদান রয়েছে।

**B** একটি ব্রিটিশ কম্পানি রোবটিক বিকাশের উদ্দেশ্য কাজ শুরু করেছিলো 2016 সালে।

**C** 2005 সালে আমেরিকার একটি কম্পানিতে উদ্ভাবিত সোফিয়া রোবটের অনুরূপে তৈরি করা হয়েছে ‘অ্যামেকা’।

**D** আগামীতে ‘অ্যামেকা’কে একটি আদর্শ নমুনা হিসেবে তুলে ধরছে ‘টেকনোলজি আর্টস’। [2]

**30** প্ল্যাটফর্ম-এর মাধ্যমে ‘অ্যামেকার’ সম্ভাব্য কাজকর্ম সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক নয়?

**A** এটিকে রেস্তোরাঁ, অফিস, ব্যাংকের কাজকর্ম দ্রুত করার কাজে ব্যবহার করা যাবে।

**B** এটিকে ঘর-গৃহস্থালির যেকোনো কাজে ব্যবহার করা যাবে।

**C** এটিকে ডিজিটাল গাড়ির চালক হিসেবে ব্যবহার করা যাবে।

**D** এর কৃত্রিম বুদ্ধিমত্তার ছোঁয়ায় রোগীদের অস্ত্রোপচার সহজ হবে। [2]

**31** বাংলাদেশের তরুণদের সাম্প্রতিক বিশেষ উদ্ভাবনটি কী?

**A** একটি রেস্টুরেন্ট তৈরি করেছে যেখানে রোবটের মাধ্যমে কাস্টমারদের সেবা দেওয়া হয়।

**B** ‘অ্যামেকা’র সমতুল্য একটি রোবট যা ক্লান্ত অবস্থায় খাবার পরিবেশন করে।

**C** শুধুমাত্র শিশুদের জন্য রোবটটি দারুণ পরিবেশ তৈরি করে।

**D** এই রোবট কাস্টমারদের অর্ডার করা খাবার ডেলিভারি করে। [2]

**32** ‘অ্যামেকা’র অগ্রগতি নিয়ে অনেকেরই সবচেয়ে বড় আশঙ্কার কারণ ____________ ।

**A** মানুষের মতো এই যন্ত্রটিও অনুভূতি প্রকাশ করতে পারে

**B** কৃত্রিম বুদ্ধিমত্তায় চালিত এই রোবট নির্দিষ্ট কম্পিউটার প্রোগ্রামের বাইরেও যেতে পারে

**C** মানুষের মতো সে অনুমানের ভিত্তিতে কোনো সিদ্ধান্তে আসতে পারে না

**D** এই প্রযুক্তির ব্যবহারে শ্রমিকদের বেকার সমস্যা বেড়ে যাবে [2]

© UCLES 2025

## Section C
## বিভাগ : গ

### OE Comprehension

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** প্রশ্নগুলোর উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না (প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)।

**33** প্রথম অনুচ্ছেদে শান্তিনিকেতন সম্বন্ধে যেসব তথ্য দেওয়া হয়েছে সে সম্বন্ধে **চারটি** বিষয় লেখো।

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

[6]

**34** রবীন্দ্রনাথ শান্তিনিকেতনের বিদ্যাশ্রমে কী কী প্রবর্তন করেন? **চারটি** বিষয় লেখো।

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

[6]



DO NOT WRITE IN THIS MARGIN

**35** বিদ্যাশ্রমের বিকাশে শান্তিনিকেতনকে বেছে নেওয়ার পেছনে রবীন্দ্রনাথের প্রধান উদ্দেশ্য কী ছিলো? **চারটি** বিষয় লেখো।

...........................................................................................................................................

...........................................................................................................................................

...........................................................................................................................................

...........................................................................................................................................

........................................................................................................................................... [6]

**36** শান্তিনিকেতনে অনুষ্ঠিত বিভিন্ন উৎসব সম্বন্ধে পঞ্চম অনুচ্ছেদে কী কী বলা হয়েছে? **চারটি** বিষয় লেখো।

...........................................................................................................................................

...........................................................................................................................................

...........................................................................................................................................

...........................................................................................................................................

........................................................................................................................................... [6]

**37** বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় রবীন্দ্রনাথের অবদান কতোখানি? **চারটি** বিষয় লেখো।

...........................................................................................................................................

...........................................................................................................................................

...........................................................................................................................................

...........................................................................................................................................

........................................................................................................................................... [6]

DO NOT WRITE IN THIS MARGIN

38 শেষ অনুচ্ছেদে রবীন্দ্রনাথকে কীভাবে স্মরণ করা হয়েছে? **চারটি** বিষয় লেখো।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

.......................................................................................................................................... [6]

## Vocabulary

শব্দার্থ

নিবন্ধ **2** থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখো।

39 প্রাঙ্গণ

.......................................................................................................................................... [2]

40 বিকাশ

.......................................................................................................................................... [2]

41 পরিপূর্ণ

.......................................................................................................................................... [2]

42 তৃপ্ত

.......................................................................................................................................... [2]

43 দৃষ্টান্ত

.......................................................................................................................................... [2]

DO NOT WRITE IN THIS MARGIN

BLANK PAGE

DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN

© UCLES 2025

BLANK PAGE

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge Assessment International Education Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge Assessment International Education is part of Cambridge Assessment. Cambridge Assessment is the brand name of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is a department of the University of Cambridge.



DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN